শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৮-৩১১

তারিখঃ ০৩ আষাঢ় ১৪২৬ / ১৭ জুন ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ তারিখের রায়ের (মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত) নির্দেশনা মতে মহাসড়কের যানচলাচল ব্যবস্থাপনা সম্পর্কিত ২৫ দফা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য।

সূত্র:
(১) জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৬.০০২.১৫-১৯ তারিখ: ১০.০১. ২০১৮ খ্রি.।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৮-৬৭ তারিখ: ২৯.০১.২০১৮ খ্রি.।
(৩) জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৬.০০২.১৫-৩৩০ তারিখ: ২৮.০৪. ২০১৯ খ্রি.।
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪৭.১৮-২৫৪ তারিখ: ১৩.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়ের ২৫ দফা নির্দেশনার মধ্যে এ বিভাগের সাথে সংশ্লিষ্ট ২২ নং দফা এর নির্দেশনা তথা স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভুক্ত করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। মহামান্য আদালতের নির্দেশনাটি নিম্নরুপ:

"(22) to include important traffic rules in the school curriculum."

০২. উক্ত রিট মামলার রায়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ২৫ দফা নির্দশনা বাস্তবায়নের জন্য গৃহীত কার্যক্রম তথা compliance report প্রতি ০৬ (ছয়) মাস অন্তর সংশ্লিষ্ট আদালতে দাখিল করার জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া আছে। নির্দেশনাটি নিম্নরুপ:

"The respondents are directed to submit compliance regarding their action taken as per our direction/instructions on every six months."

০৩. উল্লেখ্য, রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭.১২.২০১৫ খ্রি. তারিখের রায়ের ২২ নং দফা নির্দেশনা মোতাবেক স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক আইন অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (২) ও (৪) মূলে অনুরোধ করা হয়।

০৪. তৎপ্রেক্ষিতে রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭/১২/২০১৫ তারিখের রায়ের ২২ নং দফা " স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভুক্ত করতে হবে" বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক নিম্নোক্ত তথ্য প্রদান করা হয়:

| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
|---|---|---|
| "স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভুক্ত করতে হবে" মর্মে রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় ০৭.১২.১৫ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। ইতোমধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় এস.এস.সি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম ও দশম শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় পাঠ্যপুস্তকে সড়ক দুর্ঘটনা ও ট্রাফিক রুলস সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত রয়েছে (কপি সংযুক্ত) | মহামান্য হাইকোর্ট কর্তৃক স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক আইন অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে।<br><br>উল্লেখ্য, শ্রেণি ও শিক্ষার্থীদের বয়স বিবেচনায় রেখে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে সড়ক নিরাপত্তা/ট্রাফিক আইন সম্পর্কিত বিষয়বস্তু "জাতীয় শিক্ষাক্রম ২০১২" এ এবং এই শিক্ষাক্রমের ভিত্তিতে প্রণীত প্রচলিত পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হয়েছে (কপি সংযুক্ত) | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত সাধারণ শিক্ষা ধারার যেসকল পাঠ্যপুস্তকে সড়ক নিরাপত্তা/ ট্রাফিক আইন-বিধি সম্পর্কিত তথ্য রয়েছে সেসকল পাঠ্যপুস্তক মাদ্রাসা শিক্ষা ধারায় পাঠ্যভুক্ত (শ্রেণিভিত্তিক তথ্য সংযুক্ত), ফলে সাধারণ ধারা ও মাদ্রাসা ধারার শিক্ষার্থীরা সড়ক নিরাপত্তা/ট্রাফিক আইন-বিধি সম্পর্কিত অভিন্ন তথ্য/জ্ঞান অর্জন করে থাকে। তাছাড়া মাদ্রাসা শিক্ষা ধারার আদদরুসুল আরাবিয়া (২য় শ্রেণি) ও আল-লুগাতুল আরাবিয়া (৭ম শ্রেণি) পাঠ্যপুস্তকে সড়ক নিরাপত্তা/ট্রাফিক আইন-বিধি সম্পর্কিত তথ্য রয়েছে। |

০৫। উল্লেখ্য, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক সূত্র (৩) মূলের চাহিদা অনুযায়ী রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭/১২/২০১৫ তারিখের রায়ের ২২ নং দফা "স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভুক্তকরণ সম্পর্কিত উপরিউক্ত দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্য জননিরাপত্তা বিভাগে প্রেরণ করা আবশ্যক।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৪৬/২০১১ মামলায় গত ০৭/১২/২০১৫ তারিখের রায়ের ২২ নং দফা "স্কুলের পাঠ্যক্রমে ট্রাফিক রুল অন্তর্ভুক্তকরণ সম্পর্কিত দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ননামতে- ১০ (দশ) পাতা।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইন ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।